

যাঃযাঃদিন

তারিখ ... 2.9 JAN 2007 ...
পৃষ্ঠা ... ৯ ...

বিঃদ্রঃ
৯

খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী বাড়লেও বাড়েনি আবাসিক হল

খুবি প্রতিনিধি

খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা প্রতি বছর বাড়লেও সে অনুযায়ী বাড়েনি আবাসিক হল। ফলে বিশ্ববিদ্যালয়ে আবাসন সঙ্কট চরম আকার ধারণ করেছে। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত স্নাতক চার হাজার শিক্ষার্থীর জন্য আবাসিক হল রয়েছে মাত্র তিনটি। যার মধ্যে ছাত্রদের জন্য দুটি ও ছাত্রীদের জন্য একটি। ছাত্রদের জন্য সর্ববৃহৎ খানজাহান আলী হলে ৪০০ সিট রয়েছে। এছাড়া খান বাহাদুর আহসানউল্লাহ হলে ২৮৮ এবং ছাত্রীদের জন্য একমাত্র ছাত্রী হলে ৩২০ জন ছাত্রীর বসবাসের সুযোগ রয়েছে। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সর্ব শিক্ষার্থী হলগুলোর সঙ্গে যুক্ত থাকলেও মাত্র এক হাজার শিক্ষার্থী হলের আবাসিক সুযোগ-সুবিধা পাচ্ছে। বাকি ৭৮ শতাংশ শিক্ষার্থী হলে থাকার সুযোগ না পেয়ে ক্যাম্পাসের বাইরে গন্ডামারী, নিরালা, সোনাডাঙ্গাসহ নগরীর বিভিন্ন এলাকায় জাড়া বাসায় থাকছে।

আবাসন সঙ্কটের ব্যাপারে কয়েকজন শিক্ষার্থী জানায়, হল ও সিট সমস্যার কারণে শেষ বর্ষে অধ্যয়ন করেও অনেকে সিট পাচ্ছে না। নাম প্রকাশ না করার শর্তে এক ছাত্রী জানায়, হলে সিট না পাওয়ায় সে নিরাপত্তাহীনতার মধ্যে মেসে থাকতে বাধ্য হচ্ছে। আবাসন সঙ্কটের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, আগামী বছরের উন্নয়ন পরিকল্পনায় নতুন করে কোনো হল নির্মাণের পরিকল্পনা নেই।